

2025

ELECTIVE BENGALI

Full Marks : 100

Pass Marks : 33

Time : Three hours

All questions are compulsory.

Marks are indicate against each question.

UNIT – I (Prose)

(গদ্যাংশ)

- ১। রাজশর্ম প্রবন্ধের লেখক – ১
- (ক) রবীন্দ্রনাথ ঠাকুর
- (খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
- (গ) প্রমথ চৌধুরী
- ২। 'মহাদেবের পদতলে' – উক্তিটি – ১
- (ক) গঙ্গা নদীর
- (খ) যমুনা নদীর
- (গ) সরস্বতী নদীর
- ৩। প্যারাডাইস লস্ট –এর লেখক কে? ১
- ৪। রূপকথার বিরুদ্ধে প্রাপ্তবয়স্কদের প্রধান অভিযোগ দুটি কী? ২

P.T.O.

- ৫। একলা কবি ও মহাকবির মধ্যে পার্থক্য কী ? ৬
- ৬। রূপকথা কাকে বলে ? ৪
- ৭। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের 'রাজধর্ম' অনুসরণে রাম রাজত্বের বর্ণনা দাও। ৬
- ৮। 'ভাগীরথীর উৎস সন্ধানে' প্রবন্ধটিতে বৈজ্ঞানিক জগদীশচন্দ্রের উপর সৌন্দর্য ও ভাবুকতা যে গভীর প্রভাব বিস্তার করেছিল, তা ব্যাখ্যা করো। ৭

UNIT – II (Poetry)

(পদ্যাংশ)

- ৯। 'গৌরঙ্গ বিষয়ক পদ' কবিতাটির রচয়িতা - ১
- (ক) বিদ্যাপতি
- (খ) গোবিন্দদাস
- (গ) চন্ডীদাস
- ১০। 'সনেট' কবিতাটির রচয়িতা - ১
- (ক) মাইকেল মধুসূদন দত্ত
- (খ) ছমায়ুন কবির
- (গ) রবীন্দ্রনাথ ঠাকুর
- ১১। অজানা নদীর উৎস ডাকিছে _____ আধেক খুলি। (শূন্যস্থান পূরণ করো) ১
- ১২। 'বাবু কহে হেসে, বেটা সাধু বেশে পাকা চোর অতিশয়' -এখানে বাবু কে ? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ২
- ১৩। 'সনেট' বলতে কী বোঝায় ? ২
- ১৪। 'নৌকা মোদের নোঙর জানে না, শুধু চলে শ্রোতে ডাসি' - কাদের কথা বলা হয়েছে ? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও। ১+২=৩
- ১৫। "যে শোনিত ধারা ঘুমায়ে কাটান পুরুষ চতুর্দশ,
দেখি আজো ডাই লাল তার রং তাজা তার জৌলস।"
- ব্যাখ্যা করো। ৪
- ১৬। 'দুই বিঘা জমি' কবিতা অবলম্বনে উপেনের চরিত্র বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো। ৬

UNIT – III (Reading)

(পঠন)

নিম্নোক্ত রচনাটি পড়ে ১৭ থেকে ২২ নম্বর প্রশ্নগুলির উত্তর দাও –

মহাপ্রভুর আবির্ভাবের পূর্বে বৈষ্ণব পদাবলী রচিত হয়েছিল। কিন্তু সেখানে কোন আধ্যাত্মিক আদর্শ ছিল না। চৈতন্য জীবনের আলোকপাতে পদাবলী সাহিত্য আধ্যাত্মিক স্তরে উন্নিত হয়। রাধা ও কৃষ্ণ জীবদ্ভা ও পরমাত্মা প্রতীকে পরিণত হলেন। চৈতন্য প্রবর্তিত বৈষ্ণব ধর্মের মূল কথা রাগানুরাগ ভক্তি অর্থাৎ ভক্ত ভগবানের সঙ্গে মধুর সম্পর্ক। তাই চৈতন্য ধর্ম প্রেম ও ভক্তির বিশিষ্ট দর্শন। চৈতন্য পরবর্তী পদাবলী সাহিত্যে মানবরস ও ভক্তিভাবুকতার যুক্তবেশী রচিত হয়েছে।

প্রায় তিন শতাব্দী কাল জুড়ে বৈষ্ণব সাহিত্যের পরিপূষ্টি ও পরিণতি ঘটেছে। শ্রীচৈতন্যের প্রভাবে পদাবলী সাহিত্যে একটি নতুন ধারার সংযোজন হয়। তার নাম গৌরচন্দ্রিকা। শ্রীচৈতন্যের জীবনলীলা বিষয়ক সব কবিতাই গৌরচন্দ্র বিষয়ক। কিন্তু সেইসব কবিতার মধ্যে 'গৌরচন্দ্রিকা' নামক কবিতাগুলির প্রকৃতি স্বতন্ত্র। রাধা কৃষ্ণ বিষয়ক পালাকীর্তনের পূর্বে রাধা ও কৃষ্ণভাবের পরিপূরক যে সব গৌরচন্দ্র বিষয়ক পদ গীত হয় সেগুলিই গৌরচন্দ্রিকা।

- ১৭। বৈষ্ণব পদাবলী কখন রচিত হয় – ১
- (ক) মহাপ্রভুর আবির্ভাবের পরে
- (খ) মহাপ্রভুর আবির্ভাবের পূর্বে
- (গ) মহাপ্রভুর আবির্ভাবের সঙ্গে
- ১৮। শ্রীচৈতন্য প্রবর্তিত বৈষ্ণব ধর্মের মূল কথা কী? ১
- ১৯। রাগানুরাগের মূল কথা কী? ১
- ২০। শ্রীচৈতন্যের জীবনলীলা বিষয়ক সব কবিতাই _____ বিষয়ক। ১
- ২১। শ্রীচৈতন্যের প্রভাবে পদাবলীতে কোন নতুন ধারার সংযোজন হয়? ২
- ২২। গৌরচন্দ্রিকা কাকে বলে? ২
- ২৩। নিম্নোক্ত রচনাংশটি পড়ে টীকা লেখো – ২

যে নক্ষত্র থেকে এই পৃথিবীর জন্ম, যার জ্যোতি-এর প্রাণকে পালন করছে, সে হচ্ছে সূর্য। এই সূর্য আমাদের চারিদিকে আলোর পর্দা টাঙ্গিয়ে দিয়েছে। পৃথিবীকে ছাড়িয়ে জগতে আর যা কিছু আছে তা দেখতে দিচ্ছে না। কিন্তু দিন শেষে সূর্য অস্ত গলে আলোর ঢাকনা সরে যায়। তখন অন্ধকার আকাশে ফুটে উঠে অসংখ্য নক্ষত্র। বুঝতে পারি জগৎটার সীমানা পৃথিবী ছাড়িয়ে অনেক দূরে চলে গেছে। কিন্তু কতটা দূরে তা অনুভূতিতেও ধরতে পারি না।

UNIT – IV (History of Bengali Literature)

(বাংলা সাহিত্যের ইতিহাস)

- ২৪। বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন কী ? এই নিদর্শন সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৭
- ২৫। চতুর্দশ শতাব্দীর কবিদের কালানুক্রমিক পরিচয় দাও। এই কাব্যের শ্রেষ্ঠ কবি কে ? তাঁর কৃতিত্ব ও কাব্য সম্পর্কে আলোচনা করো। ৮

UNIT – V (Grammar)

(ব্যাকরণ)

- ২৬। বুলবুলিতে ধান খেয়েছে – কোন বিভক্তি ? ১
- (ক) কৃতকারকে ও বিভক্তি
(খ) কর্মকারকে এ বিভক্তি
(গ) কৃতকারকে এ বিভক্তি
- ২৭। শুদ্ধ শব্দটি লেখো – ১
- (ক) বিরাল
(খ) বিড়াল
(গ) বীরাল
- ২৮। সন্ধি বিচ্ছেদ করো – (শুদ্ধটা বেছে নাও) ১
- (ক) নবা + অন্ন = নবান্ন
(খ) নব + অন্ন = নবান্ন
(গ) নব + আন্ন = নবান্ন
- ২৯। যে ভাষা অন্য ভাষা থেকে অবিকৃত ভাবে বাংলায় এসেছে তাকে _____ বলে। ১
- (ক) তৎসম
(খ) তদ্ভব
(গ) দেশী

- ৩০। দুই বা দুইয়ের বেশি পদ একপদে পরিণত হলে - ১
- (ক) সমাস বলে
- (খ) সন্ধি বলে
- (গ) সমস্যমান পদ বলে
- ৩১। যে সমাসে পূর্ব পদ সংখ্যাচক তাকে কী বলে ? ১
- ৩২। কৃৎ প্রত্যয় কাকে বলে ? ১
- ৩৩। পদ কাহাকে বলে ? ১
- ৩৪। যে কয়েক পদ মিলে সমাস হয় তাদের প্রত্যেককে কী বলে ? ২
- ৩৫। সন্ধি কাকে বলে ? সন্ধি কত প্রকার ও কী কী ? ২
- ৩৬। ব্যাকরণ কাহাকে বলে ? ৩

UNIT – VI (Short Story)

(ছোটগল্প)

- ৩৭। মিনি চরিত্রটি - ১
- (ক) কাবুলিওয়ালা গল্পের
- (খ) খোকাবাবুর প্রত্যাবর্তন গল্পের
- (গ) রামকানাইয়ের নির্বুদ্ধিতা গল্পের
- ৩৮। রাইচরণ খোকাবাবুকে নিয়ে _____ গিয়েছিল। (শূন্যস্থান পূরণ করো) ১
- (ক) ধান্যক্ষেতের প্রান্তে নদী তীরে
- (খ) সেই অঞ্চলের বাজারে
- (গ) উদ্যানে
- ৩৯। মিনির বাবা কী প্রকৃতির লোক ছিলেন ? ১
- ৪০। রাইচরণ কে ছিল ? ১

- ৪১। “তাহার বড় আশা ছিল” – মন্তব্যটি কার ? কোন রচনার অন্তর্গত ? কার কী আশা ছিল ? ২
- ৪২। রাইচরণ খোকাবাবুকে নিয়ে কোথায় গিয়েছিল ? ২
- ৪৩। কদম্ব ফুল আনতে গিয়ে রাইচরণের সঙ্গে কী ঘটেছিল ? ৩
- ৪৪। কাবুলিওয়াল গল্পটির বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো। ৪